

প্র. মন্ত্র. ক. ১৩৬২
বঙ্গীয় ইতিহাসিক

তারিখ: ...
সংখ্যা: ...

NOV. 29 2012

অশান্তি সৃষ্টি করে গরীবের সন্তানদের উচ্চ শিক্ষার পথ বন্ধ করে দেয়া হচ্ছে

উপবৃত্তি প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

ইতিহাসিক রিপোর্ট
বাংলাদেশ জিয়া বন্দোবস্ত
গরীবের মেধা
সন্তানরা কম খরচে
যেসব প্রতিষ্ঠানে উচ্চ
শিক্ষা নিচ্ছে
সেগুলোতে পরি-
কল্পিতভাবে অশান্তি
ভৈরী করে সেসব
প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া
হচ্ছে। রুহু করে দেয়া
হচ্ছে জাতির বর্তমান,
ভবিষ্যৎ ও মেধা
বিকাশের পথ।
প্রধানমন্ত্রী বেগম
খালেদা জিয়া তার
অন্যতম নির্বাচনী
অঙ্গীকার বাস্তবায়নের
অংশ হিসেবে প্রাথমিক
শিক্ষার জন্য উপবৃত্তি
প্রকল্পের উদ্বোধন উপলক্ষে



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল তার কার্যালয়ে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের উদ্বোধনের পর শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদান করেন -ছবি: পিআইডি

এবং এহেতুদায়ী
মন্ত্রাসায় শিক্ষারত
৫৫ লাখ দরিদ্র ছাত্র-
ছাত্রীর অভিভাবককে
এক সতানের জন্য
মাসিক ১০০ টাকা
এবং একাধিক
সতানের জন্য ১২৫
টাকা হারে এই
উপবৃত্তি প্রকল্পের
উদ্বোধনী অনুষ্ঠানে
প্রধানমন্ত্রী বহুতে
৩০টি পরিবারের
অভিভাবকের হাতে
চেক প্রদান করেন।
প্রধানমন্ত্রীর প্রাথমিক
ও গণশিক্ষা বিষয়ক
উপদেষ্টা অধ্যাপিকা
জাহানারা বেগমের
বেগমের (২য় পৃষ্ঠায় ৫-এর কঃ প্রঃ)

প্রধানমন্ত্রী

(প্রথম পৃঃ পর)
এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সচিব ডাঃ
তাহমিনা হোসেন ও প্রফেসর মোসাদ্দেকুল
ইসলাম বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সরকারের
নিজস্ব ভরবিল থেকে এই প্রকল্পে বার্ষিক ৬৬৩
কোটি টাকার সংস্থানের কথা উল্লেখ করে
বলেন, সর্বশ্রেষ্ঠ স্কলকে উন্নয়নের জন্য
বেডিও-টেলিভিশনসহ অন্যান্য প্রচার মাধ্যমে
ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
ইতিমধ্যে আমি নিজে মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী,
সংসদ সদস্য, বিজয়ী কমিশনার, জেলা
প্রশাসক ও সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান
শিক্ষককে চিঠি দিয়েছি। এ প্রকল্প নিয়ে
কোনরকম শৈথিল্য, অনিয়ম ও কর্তব্যে
অবহেলা বরদাশত করা হবে না। গরীব দেশের
নাগরিকদের কষ্টের টাকায় গরীবের লেখাপড়ার
এ বন্দোবস্ত পুরোপুরি সফল করতেই হবে।
প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, প্রাথমিক শিক্ষা
ক্ষেত্রে আজ ভর্তির হার শতকরা ৯৭ ভাগে
উন্নীত হলেও ৩শগত উচ্চশিক্ষার মাপকাঠিতে
আমরা এখনো অনেক পিছিয়ে। দেশ ও জাতির
সুহৃদের স্বার্থে আমাদেরকে সম্ভাব্য সর্বোচ্চ সময়ে
এ অবস্থার উন্নতি করতে হবে। তিনি বলেন,
'শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী তৎকালীন
পরিচালিত একটি কার্যকর পদক্ষেপ ছিল। এ
কর্মসূচীর আওতায় খাদ্যশস্য স্থল ব্যবস্থাপনা
কর্মসূচীর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের হাতে পৌঁছে
দেয়া হতো। কিন্তু পরবর্তী সরকার উন্নয়নের
মাধ্যমে খাদ্য বিতরণের ব্যবস্থা নেয়ার ফলে
প্রকৃত সুবিধাজোগীরা বঞ্চিত হতে থাকে। এ
বিশেষ বিষয়টি বিবেচনায় এনে আমরা নির্বাচনী
অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে গত বছর-২৬
ডিসেম্বর একদিক সত্য শিক্ষার জন্য বাস্তবায়ন
পরিবর্তে নগদ অর্থ দেয়ার এক ঐতিহাসিক
সিদ্ধান্ত গ্রহণ করি। প্রধানমন্ত্রী খালেদা জিয়া
বলেন, এই কর্মসূচী বাস্তবায়নের ফলে প্রত্যন্ত
গ্রামাঞ্চল, সন্নী জাতি এলাকা, উপকূলীয়
এলাকা, পর্বত অঞ্চল, শহরপ্রান্তের বস্তিবাসী,
যাযাবর ও বেদে সম্প্রদায়সহ সুবিধা বঞ্চিত
প্রতিটি পরিবারের স্থল গমন উপযোগী শিশুর
জন্য প্রাথমিক শিক্ষার দ্বার অবরিত হবে।
তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়গুলোর
শিক্ষার মান উন্নত করা, তা বজায় রাখা এবং
সরকারী উপবৃত্তির অর্থ যথাযথ ব্যবহারের জন্য
নিবিড়ভাবে তত্ত্বাবধান বৃদ্ধি জরুরী। এ জন্য
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত স্থল
পরিদর্শন করতে হবে। পাশাপাশি নিরক্ষর ও
দরিদ্র অভিভাবকদেরকে তাদের সন্তানদের
স্থলে পাঠাতে উৎসাহিত করতে হবে।
প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, এ
উপবৃত্তির পাশাপাশি মেয়েদের দ্বাদশ শ্রেণী
পর্যন্ত লেখাপড়া ফ্রি করা হয়েছে, মেধাধী ছাত্র-
ছাত্রীদের সরকার ঋণহীন দিচ্ছে। সন্ন্যাসরি
এসব আর্থিক সুবিধার বাইরে উচ্চ শিক্ষা
প্রতিষ্ঠানগুলোতেও পরোক্ষভাবে গরীব দেশের
জনগণের অর্থ ব্যয় হচ্ছে। আমাদের
ইউনিভার্সিটিগুলোতে শিক্ষার্থীদের শিক্ষা
খরচের সঙ্গে আইডেন্ট ইউনিভার্সিটির উচ্চ
হারের ফ্রি তুলনা করলেই সেটা বোঝা যায়।
সামর্থ্যবান পরিবারের ছেলে-মেয়েরা এ সব
আইডেন্ট বিশ্ববিদ্যালয় কিংবা বিদেশে পড়তে
পারে। প্রধানমন্ত্রী শিক্ষা বিত্তারের ক্ষেত্রে
বর্তমান চ্যালেঞ্জ মোকাবিলায় সমালোচক স্কল
স্তরের জনগণের সক্রিয় সহযোগিতা ও
আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।
অধ্যাপিকা জাহানারা বেগম বলেন, শিক্ষা
বাতে বিনিয়োগের ফলস্বরূপ সবসময়ই সফল
বয়ে আনে। প্রাথমিক শিক্ষা যেহেতু সব শিক্ষার
ভিত্তি, তাই সরকার শিক্ষা বাস্তব উন্নয়ন
বরাদ্দের প্রায় ষাট শতাংশ প্রাথমিক ও গণশিক্ষা
উপাধিতে বরাদ্দ দিয়েছে।
অনুষ্ঠানে সের্গ উপবৃত্তিজোগী পরিবারের
অভিভাবক উপস্থিত ছিলেন। তাদেরকে গুণ
জুলাই থেকে নোভেম্বর পর্যন্ত প্রথম কিস্তির
টাকা দেয়া হয়।